“হে লোক সকল! তোমরা আল্লাহর সমীপে তাওবা কর ও তাঁর নিকট ক্ষমা চাও! কেননা, আমি প্রতিদিন এক শো বার তাওবা করি”।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী আগার (আল মুযানী) থেকে
বর্ণিত। তিনি বলেন, রসূালুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “হে লোক
সকল! তোমরা আল্লাহর সমীপে তাওবা কর ও তাঁর নিকট ক্ষমা চাও! কেননা, আমি প্রতিদিন এক
শো বার তাওবা করি”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মানুষকে বারবার তওবা ও ইস্তেগফার করার নির্দেশ দেন। তিনি নিজের সম্পর্কে বলেন যে, তিনি দিনে একশবারেরও বেশি আল্লাহ তা‘আলার কাছে তওবা ও ক্ষমা প্রার্থনা করেন, অথচ তার অতীত ও ভবিষ্যতের পাপসমূহ ক্ষমা করা হয়েছে। এতেই আল্লাহ তা‘আলার প্রতি বিনয় এবং ইবাদতের পরিপূর্ণতা রয়েছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4809